

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৫, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ : ১৫ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.০৩২.১২.১৬-১৩।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে ০১ এপ্রিল ২০১৮ খ্রিঃ হইতে ৩০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য শতভাগ রপ্তানিমুখী চামড়াজাত পণ্য শিল্প প্রতিষ্ঠানসমূহকে উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল :—

শর্তাবলি :

- ১। অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক সাধারণ হারের দ্বিগুণ হারে ভাতা প্রদান করিতে হইবে।
- ২। কোন শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার অধিক সময় কাজ করানো যাইবে না।
- ৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- ৪। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।
- ২। ইহা ১৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/০১ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ. টি. এম সাইফুল ইসলাম
উপসচিব।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩১৭৫)

মূল্য : টাকা ৪.০০